

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

সার্কুলার নং-ডিএমডি-০৩/২০১২

০২/০৫/২০১২

বাংলাদেশ ব্যাংক এর সকল শাখা অফিসের প্রধান এবং  
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশের তফসিলী ব্যাংকসমূহ।

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় প্রকল্প-সঞ্চয়পত্র বিক্রয় প্রসংগে ।

আপনারা নিচয় অবগত আছেন যে, সরকার জাতীয় সঞ্চয় কার্যক্রমকে উৎসাহিত করা এবং উন্নয়নমূলক কাজে অর্থ যোগানের লক্ষ্যে বিবিধ প্রকার সঞ্চয়পত্রের সুদের হার সাম্প্রতিক সময়ে বৃদ্ধি করেছে। কিন্তু তা সত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, সঞ্চয়পত্র বিক্রির পরিমাণ আশানুরূপ বৃদ্ধি পায়নি। বিবিধ পর্যায়ের গ্রাহকদের কাছ থেকে অভিযোগ/আপত্তি পাওয়া যাচ্ছে যে, তফসিলী ব্যাংকসমূহের শাখা সঞ্চয়পত্র বিক্রির তালিকাভুক্তিতে থাকা সত্ত্বেও গ্রাহকগণকে নানা প্রক্রিয়ায় সঞ্চয়পত্র বিক্রিতে নিরঙ্গসাহিত করেন এবং সার্বিকভাবে সঞ্চয়পত্র বিক্রিতে সহযোগিতা করেন না।

সঞ্চয়পত্র রুলস, ১৯৭৭ এর অনুচ্ছেদ নং-৩ এর নির্দেশনা মোতাবেক সঞ্চয়পত্রের ইস্যু/বিক্রয়কারী অফিস হিসেবে বিনিয়োগকারীদের নিকট সঞ্চয়পত্র বিক্রিতে সহযোগিতা প্রদানসহ দেশের উন্নয়নমূলক কর্মকাণ্ডে যথাযথ অংশগ্রহণের সুযোগ দিতে আপনাদেরকে পেরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাণ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বাস,

( মোঃ গোলাম আলী )  
যুগ্ম-পরিচালক  
ফোন : ৯১২৬১০১-১৪/৩২৫৩।